

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. যে ব্যক্তি প্রসিদ্ধি ও পরিচিতিকে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الشُّهْرَةَ وَالْمَعْرَفَةَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفِيَّانَ عَنْ لَيْثٍ عَنْ عَدِيِّ بْنِ عَدِيِّ عَنْ أَبِي عَبْدِ اللَّهِ  
الصَّنَابِحِيِّ عَنْ مُعاذِ بْنِ جَبَلٍ قَالَ لَا تَزُولُ قَدَمًا عَبْدِ يَوْمِ الْقِيَامَةِ حَتَّىٰ يُسْأَلَ عَنْ أَرْبَعٍ  
عَنْ عُمُرِهِ فِيمَا أَفْنَاهُ وَعَنْ جَسَدِهِ فِيمَا أَبْلَاهُ وَعَنْ مَالِهِ مِنْ أَيْنَ اكْتَسَبَهُ وَفِيمَا وَضَعَهُ  
وَعَنْ عِلْمِهِ مَاذَا عَمِلَ فِيهِ  
إسناده ضعيف وهو موقوف

বাংলা

৫৫৬. মু'য়ায ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, কিয়ামত দিবসে কোনো বান্দার পা দু'টি  
ততক্ষণ পর্যন্ত নড়বে না, যতক্ষণ না তাকে চারটি বিষয়ে জিজ্ঞাসা করা হবে: কোন্ কাজে তার জীবন অতিবাহিত  
করেছে এবং তার দেহ কোন্ কাজের মধ্য দিয়ে জীর্ণ করেছে, তার ধন-সম্পদ কোথা হতে উপার্জন করেছে আর  
তা কোথায় ব্যয় করেছে এবং ইলম অনুযায়ী কতটুকু আমল করেছে।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। আর এটি মাওকুফ।

তাখরীজ: মুরসাল হিসেবেও এটি বর্ণনা করেছেন বায়ার, কাশফুল আসতার ৪/১৫৮ নং ৩৪৩৮; খতীব,  
ইকতিদাউল ইলম নং ৩; এর সনদও যয়ীফ।

এছাড়া বায়ার নং ৩৪৩৭; খতীব, ইকতিদাউল ইলম নং ২; তারীখ বাগদাদ ১১/৮৮১-৮৮২; বাহহাকী, শুয়াবুল  
উমান নং ১৭৮৫; তামাম, ফাওয়াইদ নং ১৪৮০ অপর সনদে মুয়ায ইবনু জাবাল রাঃ হতে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু  
আলাইহি ওয়া সাল্লাম বলেছেন....। এ সনদ সহীহ।

হাদিসের মান: যউফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75932>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন